# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/ ৫৬৮ তারিখ- ১৭/১২/২৪ ইং

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ২৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে ।
৩।বস্তিতে SIC ও PG কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
জয়পুরহাট পৌরসভা।
ও
উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।

প্রাপকঃ

..................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
### সভা নং-১২১

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৩-১২-২০২৪ খ্রিঃ।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর | প্রশাসক, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৩ | মোঃ রাহেলা পারভীন | উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ মমিনুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ.দা.) | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | আবু জাফর মোঃ রেজা | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ নাসরিন | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা ঃ-** গত ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-২। হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে ।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে বলেন, জয়পরহাট পৌরসভা বাংলাদেশের উত্তর অঞ্চলের জেলা হওয়ায় এখানে শীতের তীব্রতা বেশি থাকে। উচ্চবিত্ত আর মধ্যবিত্তদের কাছে শীতের দিনগুলো উৎসবের হলেও নিম্নবিত্ত এবং সমাজে পিছিয়ে পড়া মানুষেয় জন্য এক ভয়াবহ দুর্ভোগ। শীতবস্ত্র বিতরণের পূর্বে শহরে বসবাসকারী অতি দুঃস্থদের তালিকা যথাযথ প্রক্রিয়ার প্রস্তুত করে, সে অনুযায়ী পৌরসভার পক্ষ থেকে শীতবস্ত্র বিতরন কর্মসূচী গ্রহণ করা যেতে পারে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ-** শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে ওয়ার্ড ভিত্তিক হত দরিদ্রদের তালিক প্রস্তুতের জন্য ওয়ার্ড ভিত্তিক কমিটির সদস্যবৃন্দকে সহায়তাকারী হিসেবে দায়িত্ব পালনকারী জয়পুরহাট পৌরসভার কর্মকর্তা/কর্মচারীরা স্ব স্ব ওয়ার্ডের তালিকা প্রস্তুত করবেন এবং দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড সদস্যগণ তা যাচাই বাছাই অন্তে প্রশাসক, জয়পুরহাট বরাবর উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। বস্তিতে SIC ও PG কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করণ প্রসঙ্গে।**

**আলোচনাঃ** সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন যে, বস্তির কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা ও বস্তির জনগোষ্ঠীকে বস্তির কার্যক্রম সম্বন্ধে অবগত করার জন্য SIC ও PG কমিটির সভা নিয়মিত ভাবে আয়োজন করা প্রয়োজন। নিয়মিত সভা আয়োজন ব্যাপারে উক্ত কমিটির সদস্য সচিবের দৃষ্টি আকর্ষণ করলে সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান সভায় জানান যে, SIC কমিটি গঠনের পর থেকে প্রতি মাসে নিয়মিতভাবে কখনো কখনো বিশেষ



CamScanner

কারণে কোন মাসে একাধিক সভার আয়োজন করা হয়। চলতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে সকল বস্তি উন্নয়ন কমিটির সভা আয়োজন সম্পন্ন করা হয়েছে। তিনি আরো বলেন যে, প্রত্যেকটি কমিটি সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ উক্ত কমিটির রেজিষ্টারে নিয়মিত ভাবে লিপিবদ্ধ করা হয়। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত-** সমাজ উন্নয়ন কর্মকর্তা তার কমিউনিটি কর্মীদের মাধ্যমে SIC ও PG কমিটির সভা নিয়মিত ভাবে আয়োজন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
জয়পুরহাট পৌরসভা।
ও
উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।

তারিখ- ২৬/১১/২৪ ইং

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/ ৬০৬

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ................................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)।
৩। অফিস নথি।

সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
জয়পুরহাট পৌরসভা।
ও
উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
জয়পুরহাট।

CamScanner

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষরঃ-

সভার স্থানঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২৩/১২/২০২৪ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর | প্রশাসক, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট | সভাপতি | |
| ৩ | মোছাঃ রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট | সদস্য | |
| ৪ | মোঃ রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | সদস্য | |
| ৫ | মোঃ মমিনুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ.দা.) | সদস্য | |
| ৬ | আবু জাফর মোঃ রেজা | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ নাসরিন বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | নাসরিন |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |

CamScanner